




ISO 9001:2015 Certified



ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি
BHOLA PALLI BIDYUT SAMITY



সদরদপ্তর,
বাংলাবাজার, ভোলা।

E-mail: bhopbs@gmail.com
Web site: www.pbs.bhola.gov.bd

স্মারক নং-২৭.১২.০৯২৯.৫০৪.০১.০১২.২২. ২৪৫২

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ
১২ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ষ্টীলের লাইনম্যান টুলস বক্স সরবরাহের নিমিত্ত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান প্রসংগে।

ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি এর লাইনক্রুদের জন্য নিম্নোক্ত স্পেসিফিকেশন ও শর্ত মোতাবেক লাইনম্যান টুলস বক্স সরবরাহের নিমিত্ত পবিস নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/প্রস্তুতকারী/ সরবরাহকারীর নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	০১॥	দরপত্র দাখিলের তারিখ ও সময়	ঃ ১৯/০৬/২০২২ খ্রিঃ সময়ঃ- বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত।
৪৩/২০২১-২২ (RFQ)	০২॥	দরপত্র দাখিল ও খোলার স্থান	ঃ ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। খ) জেনারেল ম্যানেজার, ভোলা পল্লী বিদ্যুৎ সমিতি, বাংলাবাজার, ভোলা।
	০৩॥	দরপত্র খোলার তারিখ ও সময়	ঃ ১৯/০৬/২০২২ খ্রিঃ, সময়ঃ- বেলা ১২:০৫ ঘটিকা।

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	উদ্ধৃত মূল্য (টাকায়)	
			একক মূল্য	মোট মূল্য
০১.	ষ্টীলের লাইনম্যান টুলস বক্স উচ্চতা ৫', দৈর্ঘ্য ৬', প্রস্থ ২' ০৪ টি পাল্লা লকসহ ০৪ টি ড্রয়ার লকসহ (উপরের ড্রয়ার ১২") ২২ গেজ সীট দিয়ে তৈরী (নমুনা মোতাবেক)	১২ টি		
সর্বমোট =				

কথায়ঃ (-----)।

শর্তাবলীঃ

০১. দরপত্র উপরে বর্ণিত সময়সীমা অনুযায়ী ০২ নং ক্রমিকে বর্ণিত ঠিকানায় রক্ষিত টেন্ডার বাঞ্ছ জমা প্রদান করতে পারবেন। দাখিলকৃত দরপত্র সমূহ ০৩ নং ক্রমিকে বর্ণিত সময়সূচী অনুযায়ী ০২ নং ক্রমিকে বর্ণিত স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
০২. খামের উপর স্পষ্টাক্ষরে “ষ্টীলের লাইনম্যান টুলস বক্স সরবরাহের দরপত্র” লিখে নিজ প্রতিষ্ঠানের সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। খামে সীল মোহরকৃত ব্যতীত কোন দরপত্র রেসপনসিভ হিসাবে বিবেচনা করা হবে না।
০৩. দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, অভিজ্ঞতা (যদি থাকে), ব্যাংক সলভেন্সী, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
০৪. সফল দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হলে কার্যাদেশ ইস্যুর ১৫ (পনের) দিনের মধ্যে মালামাল সরবরাহ পূর্বক বর্ণিত কার্যাদি সম্পাদন করতে হবে।

চলমান পাতা-০২

(০২)

০৫. কার্যাদেশ প্রদানের সময় মালামাল কম/বেশী হতে পারে। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
০৬. দরপত্র বাছাইকালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুন করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সে ক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সে ক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।
০৭. কার্যাদেশ প্রাপ্ত দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে পবিস কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
০৮. দাখিলকৃত মোট বিল হতে নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।
০৯. যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
১০. দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
১১. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন/ সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
১২. দাখিলকৃত বিল হতে ১০% অর্থ কর্তন করে রাখা হবে। যা সরবরাহকৃত মালামালের উপর কোন আপত্তি না থাকলে ০৬ (ছয়) মাস পর ফেরৎ প্রদান করা হবে।
১৩. দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন ক্ষেত্রে সমিতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

(মোঃ আলতাপ হোসেন)

জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ নোটিশ বোর্ডের টানানোর অনুরোধসহ

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণ ও খোলার অনুরোধসহ)
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
- ০৩। জেলা প্রশাসক, ভোলা।
- ০৪। পুলিশ সুপার, ভোলা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার পবিস-১/২/৩/৪।
- ০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা-ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন, উপজেলা, ভোলা।
- ০৭। ডিজিএম, চলালমোহন/চরফ্যাশন/পরানগঞ্জ জোনাল অফিস/ (কারিগরী), ভোলা পবিস।
- ০৮। এজিএম (অর্থ), ভোলা পবিস।
- ০৯। এজিএম (আইটি)(ওয়েব সাইটে প্রচারের নির্দেশনা প্রদান করা হলো)।
- ১০। মেসার্স-----।
- ১১। নোটিশ বোর্ড।

(মোঃ আলতাপ হোসেন)

জেনারেল ম্যানেজার (চঃদাঃ)